

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-ত অধিশাখা

নং-৩৩.০০.০০০০.১১৯.৯৯.০০৫.১৩- ২৫ ন

তারিখঃ ৩১... আগস্ট, ১৪২৫
...৮... জুলাই, ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ পংকজ কুমার চন্দ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, প্রেষণে-কোয়ালিটি কন্ট্রোল অফ ভ্যাকসিন এন্ড ড্রাগস শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা গত ৩১/০৭/২০১৩ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী ‘পলায়ন’ এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়। তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। বিভাগীয় মামলার কপি তাঁর স্থায়ী ও কর্মস্থল ঠিকানায় প্রেরণ করা হলে ডাক বিভাগ কর্তৃক ফেরৎ দেয়া হয়;

যেহেতু, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০২/০৫/২০১৬ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০৫. ১৩-৪০৬ নং অফিস আদেশে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, ডাঃ পংকজ কুমার চন্দ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, প্রেষণে-কোয়ালিটি কন্ট্রোল অফ ভ্যাকসিন এন্ড ড্রাগস শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হয় এবং তাঁকে কেন গুরুদন্ত হিসেবে চাকরি হতে অপসারণ করা হবে না সে বিষয়ে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি “প্রাপক দেশের বাহিরে কানাড়ায় বসবাস করে মতে বিলি করা গেলনা ফেরত” মর্মে ডাক বিভাগ কর্তৃক ফেরৎ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ২টি জাতীয় পত্রিকায় প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট কর্মকর্তা এর পরেও কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। এ প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) এর আওতায় তাঁর বিরুদ্ধে ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(গ) মোতাবেক গুরুদন্ত হিসেবে সরকারি চাকরি হতে অপসারণ করার উদ্দেশ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের মতামত চাওয়া হয়; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় উক্ত বিভাগীয় মামলার সাথে সংশ্লিষ্ট কাগজপত্র ও রেকর্ড পর্যালোচনা করে ডাঃ পংকজ কুমার চন্দ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলায় চাকরি হতে অপসারণ করার গুরুদন্ত প্রদানে এ মন্ত্রণালয়ের সিঙ্কান্টের সাথে একমত পোষণ করে এবং তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

অপর পঞ্চায় দ্রষ্টব্য

সেহেতু, ডাঃ পংকজ কুমার চন্দ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, প্রেষণে-কোয়ালিটি কন্ট্রোল অফ ভ্যাকসিন এন্ড ড্রাগস শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা এর বিরুক্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক অননুমোদিতভাবে কর্মসূলে অনুপস্থিত থাকায় ‘পলায়ন’ এর অভিযোগে একই বিধিমালার বিধি ৪(৩)(গ) অনুযায়ী গুরুদণ্ড হিসেবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ৩১/০৭/২০১৩ তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে অপসারণ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৯৪৭/১৮
(মোঃ রহিউল আলম মন্ত্র)

তারপ্রাপ্ত সচিব

নং-৩৩.০০.০০০০.১১৯.৯৯.০০৫.১৩- ২৫৭

তারিখঃ ৩১ আগস্ট, ১৪২৫
২৫ জুন, ২০১৮

অবগতি ও প্রায়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক (অ.দা.), প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি সড়ক, ফার্মগেইট, ঢাকা।
- ২। উপপরিচালক, বাংলাদেশ ফরম প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট (অঃদাঃ), আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। ডাঃ পংকজ কুমার চন্দ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীড/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, প্রেষণে-কোয়ালিটি কন্ট্রোল অফ ভ্যাকসিন এন্ড ড্রাগস শাখা, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
স্থায়ী ঠিকানাঃ- পিতা- মহেন্দ্র নাথ চন্দ, গ্রাম চান্দাইকোনা, ডাকঘর- চান্দাইকোনা, উপজেলা- রামগঞ্জ, জেলা- সিরাজগঞ্জ।

২৫.০৭.২০১৮
(কে, এফ, এম জেসমীন আখতার)
যুগ্মসচিব
ফোন: ৯৫৬১১১৭